



নং - ১৮.৪৫৮.০১১.০৪.০০.০১৯(১).২০২১-৭৫৫

১১.০৮.২০২১

### নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের নিম্নোক্ত শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে, পদের বিবরণ নিম্নরূপ :

ক্রঃ নং	শূন্য পদের নাম	বেতন স্কেল/২০১৫ ও গ্রেড	মোট শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১।	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	০১ (এক) টি	নূন্যতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি পাশ হইতে হবে। শর্টহ্যান্ডের প্রতি মিনিটে ইংরেজি ৭০ বাংলায় ৪৫ শব্দ ও কম্পিউটার ব্যবহার ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ; (ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। (খ) ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।
২।	নিরাপত্তা প্রহরী	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৩ (তিন) টি	অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন বলিষ্ঠ শরীরের অধিকারী, শারীরিক যোগ্যতাসহ ন্যূনপক্ষে উচ্চতা ১.৬২ মিটার, ওজন ৫২ কেজি, বুকের মাপ ৭৬২-৮৬২ মিটার এবং ৬/৬ দৃষ্টিশক্তি সম্পন্ন হইতে হইবে।
৩।	সুইমিংপুল এটেন্ডেন্ট	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	অষ্টম শ্রেণী পাস এবং জীবন রক্ষা বা সাতীরে অভিজ্ঞতা থাকিতে হইবে।

### শর্তাবলী :

- ক। মেরিন একাডেমির ওয়েবসাইট [www.macademy.gov.bd](http://www.macademy.gov.bd) থেকে আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম এর বরাবরে আবেদন করে আগামী ০৯.০৯.২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। ১নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং ২ ও ৩ নং পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অনুকূলে সোনালী ব্যাংক লি:/বাংলাদেশ ব্যাংক ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং ১-৫২৩৬-০০০১-২৬৮১ তে জমা করে চালানের মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- খ। আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ০৯.০৯.২০২১ তারিখে বয়সসীমাঃ ১৮ হতে ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের কপি আবেদন পত্রের সাথে দিতে হবে।
- গ। সকল জেলার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা, এতিমখানার নিবাসী, প্রতিবন্ধী, মহিলা, উপজাতীয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আবেদন করতে পারবেন (এক্ষেত্রে যথাযথ সনদ দাখিল করবেন)।
- ঘ। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কমিশনার কর্তৃক স্থায়ী নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধ এবং অভিজ্ঞতাসহ সকল সনদ পত্রের কপি (নূন্যতম ০৯ গ্রেড গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং নামসহ সীল মোহরযুক্ত হতে হবে) সত্যায়িত ও নূন্যতম ০৯ গ্রেড গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূলকপি অবশ্যই সংযোজিত করতে হবে।
- ঙ। ০১ (এক) টি ৯"X৪" ইঞ্চি ফেরত খামে অবশ্যই ১০/- (দশ) টাকার ডাক টিকিটসহ প্রার্থীর বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- চ। আবেদনকারীর নিকট আত্মীয় (বাবা, মা, ভাই ও অবিবাহিত বোন), মেরিন একাডেমিতে চাকুরী করলে তার বিস্তারিত বিবরণ আবেদনকারীর স্বাক্ষরসহ অঙ্গীকারনামা সঙ্গে দিতে হবে। অঙ্গীকারনামা ফরমটি [www.macademy.gov.bd](http://www.macademy.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

২/২

  
১১/৮/২০২১

ছ। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।


জ। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ অক্টোবর ২০১৮ তারিখের বিধি-বিধান ও সরকারি অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।

ঝ। সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

ঞ। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ দরখাস্তকারীর সাক্ষাৎকার নিতে কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য নয়।

ট। নিয়োগের ক্ষেত্রে কোন ব্যক্তি যদি টাকা লেনদেন করে তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

ঠ। চাকুরির জন্য কোন সুপারিশ গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে নিয়োগকারী/কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
মোঃ আজিজুল হক  
প্রশাসনিক কর্মকর্তা